সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩১ তারিখ: ০৮ কার্তিক , ১৪২৯ বঙ্গাব্দ

২৪ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আজ ২৪ অক্টোবর ২০২২ ইং তারিখ গ্রিসের স্থানীয় সময় সকাল ১১:৩০ টায় গ্রিসের Hellenic Capital Market Commission এর চেয়ারপার্সন জনাব Dr. Vasiliki Lazarakou এর সাথে গ্রিসের এথেন্সে অবস্থিত Hellenic Capital Market Commission অফিসে সৌজন্য সভা এবং মধ্যাহ্ন ভোজে অংশগ্রহণ করেন। এ সময় দুই দেশের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম গত ১৭ থেকে ২০ অক্টোবর ২০২২ মরক্কোর মারাকেশে অনুষ্ঠিত International Organization of Securities Commissions (IOSCO) এর ৪৭ তম বার্ষিক সভায় অংশগ্রহণ শেষে দেশে ফেরার পথে এ সভার মাধ্যমে গ্রিসের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থার প্রধানের সাথে মিলিত হন।

উক্ত সাক্ষাতের মাধ্যমে উভয় দেশের পুঁজিবাজারে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি, পুঁজিবাজারে সংশ্লিষ্ট আইন কানুন প্রণয়ন, পুঁজিবাজারে কর্মরত লোকবলের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ, পুঁজিবাজারে নতুন পণ্য এবং সেবা প্রণয়ন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। এছাড়া খুব শীঘ্রই দুই দেশের মধ্যে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding -MoU) স্বাক্ষরের বিষয়েও আলোচনা হয়। বাংলাদেশে ও গ্রিসের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থার মাঝে ঢাকায় সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হবে।

এছাড়াও এসময় বাংলাদেশ ও গ্রিসের পুঁজিবাজারের মধ্যে 'ডুয়েল লিস্টিং' এবং 'ক্রসবর্ডার ট্রানজেকশন' এর বিষয়ে আলোচনা হয়। এটি বাস্তবায়িত হলে বাংলাদেশের যেসব উচ্চ মূলধনী কোম্পানি আছে, তাদের জন্য গ্রিসের পুঁজিবাজারে তালিকাভুক্ত হওয়ার সুযোগ তৈরি হবে। অন্যদিকে, গ্রিসের বড় বড় কোম্পানিগুলোর বাংলাদেশের পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে পারার এবং কাজ করার সুযোগ সৃষ্টি হবে। এর মাধ্যমে পুঁজিবাজারকে ঘিরে ভবিষ্যতে গ্রিসসহ ইউরোপের দেশগুলোর সাথে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হতে পারে। অর্থ্যাৎ আগামীতে বাংলাদেশের জন্য ইউরোপিয়ান ইউনিয়নের পুঁজিবাজারের দ্বার উন্মোচিত হবে। আলোচনায় দুইদেশের পুঁজিবাজারের উন্নয়ন-অগ্রগতির জন্য পারস্পারিক সহযোগিতার মাধ্যমে কাজ করার অঙ্গীকার করা হয় যা দেশের পুঁজিবাজারের জন্য সহায়ক হবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



